দৈনিক ইত্তেফাক

47

তারিখ ..JUL. 1.1 .1999
পৃঃ ১৫ কলাম ২

# মাদ্রাসা নিয়া কুচক্রী মহল সরকারের ভাবমূর্তি নষ্টের চেষ্টা চালাইতেছে

....................জমিয়াতুল মোদারেছিন

গতকাল শনিবার ২০/১, নবাব কাটারায় বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছিনের এক জরুরী সভায় বলা হয়, মাদ্রাসা শিক্ষা নিয়া কতিপয় কুচক্রী মহল সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ন করার চেষ্টা চালাইতেছে। অধ্যক্ষ মাওঃ আঃ হামিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাদ্রাসা স্বীকৃতি প্রত্যাহার ও এমপিও-ভুক্তি বাতিলকরণ সম্পর্কে বর্তমান সরকারের শিক্ষামন্ত্রীর সম্প্রতি ঘোষণা নিয়া ব্যাপক মতবিনিময় ও আলোচনা হয়। বক্তারা বলেন, প্রতিষ্ঠান স্বীকৃতি দেয় মাদ্রাসা বোর্ড, এমপিও-ভুক্তি করে মন্ত্রণালয়। মাদ্রাসা স্বীকৃতি এবং যাবতীয় কার্যক্রম মন্ত্রণালয় বন্ধ করিতে পারে না। এদিকে শিক্ষামন্ত্রী বলিতেছেন মাদ্রাসা শিক্ষা খাতে দ্বিগুণ বরাদ্দ করা হইয়াছে। সভায় বক্তারা বলেন, আমরা চাই না বর্তমান সরকার চক্রান্তের চোরাবালিতে পা দিয়ে ধর্মপ্রাণ মানুষের চেতনা পরিপন্থী কোন কর্মকান্ডের মাধ্যমে ইসলাম বিদ্বেষী কোন দল হিসাবে চিহ্নিত হউক। এই চক্রান্ত উপলব্ধি না করিতে পারিলে বর্তমান সরকারকে চরম মূল্য দিতে হইবে।

সদস্য সচিব মাওঃ মোঃ দেলোয়ার হোসেন বলেন যে, অন্যদিকে চিহ্নিত মাদ্রাসা শিক্ষার আড়তদার, প্রতারক একটি গোষ্ঠী মাদ্রাসা শিক্ষার কর্ণধার হিসাবে দাবী করেন। মাদ্রাসা শিক্ষার উপর কোন বিপদ আসিলে তাহারা শিক্ষকদের কাছ হইতে বিভিন্ন চাঁদা আদায় করিয়া নিজেদের ভাগ্য গড়ে। এই সকল কুচক্র বুদ্ধিজীবী মাদ্রাসা ব্যবসায়ী আড়তদার হইতে সাবধান।

সভায় যে সকল মাদ্রাসার বিরুদ্ধে চিঠি দেওয়া হইয়াছে, তাহা প্রত্যাহারের দাবী জানান হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, মাওঃ আব্দুল্লাহ্, মাওঃ আঃ গফুর হামীদি, মাওঃ শহিদুল্লাহ্, মাওঃ সিরাজুল ইসলাম, মাওঃ কামরুজ্জামান, মাওঃ তাজুল ইসলাম, মাওঃ আশ্রাফ আলী, মাওঃ জাহাঙ্গীর হোসেন প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি